নীলফামারীতে লিগ্যাল এইড বিষয়ক সেমিনার অনুষ্ঠিত

আদালত প্রতিবেদক

সরকারি আইন সহায়তা কার্যক্রমের সাফল্য ও বিকল্প বিরোধ নিস্পত্তির কেন্দ্রস্থল ‘জেলা লিগ্যাল এইড অফিস’ বিষয়ক জনসচেতনতা মুলক সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার সকাল ১১টায় জেলার বিভিন্ন প্যানেল আইনজীবী, সরকারি- বেসরকারি বিভিন্ন সংস্থা, সেবা গ্রহীতা, জেলা ও দায়রা জজ আদালত ও জুডিশিয়াল ম্যাজিস্ট্রেসি আদালতের বিচারকগণের অংশগ্রহণে নীলফামারী সার্কিট হাউসে এই সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

জেলা ও দায়রা জজ মামূদুল কবীরের সভাপতিত্বে সেমিনারে উপস্থিত ছিলেন জেলা পরিষদের প্রশাসক এ্যাডঃ মমতাজুল হক,আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারি সচিব বুলবুল আহমেদ, অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক এ জেড এম এরশাদ আহসান হাবীব, সহকারী পুলিশ সুপার জাকারিয়া রহমান, জেলা আইনজীবী সমিতির সভাপতি এ্যাডঃ আলীম উদ্দিন বসুনিয়া, সাধারন সম্পাদক এ্যাডঃ আবু মো. সোয়েম সিভিল সার্জন প্রতিনিধি ডা. মনিরুজ্জামান।

সেমিনার সঞ্চলনা করেন সহকারী জজ ও জেলা লিগ্যাল এইড অফিসার ইসমাঈল হোসেন।